**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 22-10-2025**

**Time : 1-30 PM**

**<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>**

১/ ভোটার তালিকায় ‘বিশেষ নিবিড় সংশোধনী’ বা SIR সংক্রান্ত বিজ্ঞপ্তি জারির আগে নির্বাচন কমিশন, দেশের সমস্ত রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্য নির্বাচনী আধিকারিকদের নিয়ে আজ দু’দিনের বৈঠকে বসছে।

২/ ভারতীয় নৌ বাহিনীর দ্বিতীয় দ্বিবার্ষিক কম্যান্ডার সম্মেলন আজ নতুন দিল্লিতে শুরু হয়েছে।

৩/ কেন্দ্রের সঙ্গে লাদাখের প্রতিনিধিদের আলোচনা আজ □ুনরায় শুরু হয়েছে।

৪/ বিশ্বের মধ্যে বনাঞ্চলের নিরিখে ভারত, নবম স্থানে উঠে এসেছে।

৫/ ইজরায়েল, গাজায় হামাসের হাতে আটক, তাদের দুই অজানা □ণবন্দীর মৃতদেহ গ্রহণ করেছে। # মার্কিন উ□ রাষ্ট্র□তি □শ্চিম এশিয়ার বিরোধের স্থায়ী সমাধানের লক্ষ্যে আলোচনার জন্য ইজরায়েল □ৌঁছেছেন।

৬/ দী□াবলির শুভেচ্ছা জানানোর জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, মার্কিন রাষ্ট্র□তি ডোনাল্ড ট্রাম্পকে ধন্যবাদ জানিয়েছেন।

*********************************************************************

দেশ জুড়ে ভোটার তালিকায় ‘বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচী ’ বা SIR সংক্রান্ত বিজ্ঞপ্তি জারির আগে নির্বাচন কমিশন, দেশের সমস্ত রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্য নির্বাচনী আধিকারিকদের নিয়ে এক বৈঠকে বসতে চলেছে। আজ ও আগামীকাল দিল্লির দ্বারকার ‘ইন্ডিয়া ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট অফ ডেমোক্রেসি অ্যান্ড ইলেকশন ম্যানেজমেন্ট’- IIIDEM-এ দুদিনের এই সম্মেলনে সব মুখ্য নির্বাচনী আধিকারিকদের উ□স্থিতি বাধ্যতামূলক করা হয়েছে। তাঁদের সঙ্গে থাকতে হবে ভোটার তালিকা সংশোধনের দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত বা যুগ্ম মুখ্য নির্বাচনী আধিকারিক এবং রাজ্য বা কেন্দ্রশাসিত অঞ্চলের মিডিয়া সমন্বয়কারীকেও।

*********************************************************************

ভারতীয় নৌ-বাহিনীর দ্বিতীয় দ্বিবার্ষিক কমান্ডার সম্মেলন আজ নতুন দিল্লিতে শুরু হচ্ছে। অ□ারেশন সিন্দুরের প্রেক্ষা□টে তিনদিনের এই সম্মেলন বিশেষ তাৎ□র্য□ূর্ণ হয়ে উঠেছে।

সম্মেলনে প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং ও প্রতিরক্ষা সচিব , ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারতের লক্ষ্য অর্জন ও জাতীয় স্বার্থের মতো বিভিন্ন বিষয়ে নৌ-বাহিনীর কমান্ডারদের সামনে ভাষণ দেবেন। প্রতিরক্ষা ও বিমান বাহিনীর প্রধানরাও সম্মেলনে ভাষণ দেবেন। দক্ষতা বৃদ্ধির জন্যে বিভিন্ন ক্ষেত্রের মধ্যে সমন্বয় স্থা□ন, অভিযান সঠিক ভাবে রূ□ায়িত করতে যৌথ □রিকল্পনার বিষয়েও গুরুত্ব দেওয়া হবে সম্মেলনে।

ভারতীয় সেনা বাহিনী , বিমান বাহিনী এবং উ□কূল রক্ষী বাহিনীর সঙ্গে সমন্বয় বজায় রেখে ভারত মহাসাগর অঞ্চল ও ভারত প্রশান্ত মহাসাগরীয় এলাকায় যে কোন চ্যালেঞ্জের মোকাবিলার বিষয়েও সম্মেলনে গুরুত্ব আরো□ করা হবে।

***********************************************************************

কেন্দ্র অ□ারেশন সিন্দুর সহ বিভিন্ন গুরুত্ব□ূর্ণ অভিযানের সময় অসাধারণ কৃতিত্ব প্রদর্শনের জন্য প্রতিরক্ষা কর্মীদের শৌর্য □ুরস্কারে সম্মানিত করার ব্যা□ারে তালিকা তৈরির জন্য গেজেট বিজ্ঞপ্তি জারি করেছে। এতে প্রধানত ভারতীয় বায়ু সেনা ও ভারতীয় সেনা কর্মীদের শৌর্য □ুরস্কারে ভূষিত করার কথাই উল্লেখ করা হয়েছে। কর্ণেল কোশাঙ্ক লাম্বা ও লেফটেন্যান্ট কর্ণেল সুশীল বিস্ত, ফাইটার □াইলট-গ্রু□ ক্যা□টেন রঞ্জিত সিং সিধু ও আর এক গ্রু□ ক্যা□টেন অনিমেশ □াটনি এই তালিকায় রয়েছেন।

কর্ণেল লাম্বাকে ভারতীয় সেনাবাহিনীতে অসাধারণ সাহসিকতা এবং শৌর্য প্রদর্শনের জন্য বীরচক্রে ভূষিত করা হয়।

লেফটেন্যান্ট কর্ণেল বিস্ত কমান্ডিং অফিসার হিসেবে অসাধারণ নেতৃত্ব ও সাহসিকতার □রিচয় দেয়। জঙ্গিঘাঁটিগুলি সম্পূর্ণ ধ্বংস করার ক্ষেত্রেও তাঁর অবদান ছিল উল্লেখযোগ্য।

***********************************************************************

অসামরিক উড়ান চলাচল মন্ত্রক জানিয়েছে, আঞ্চলিক সংযোগ প্রকল্প ‘উড়ে দেশ কা আম নাগরিক’ - উড়ানের আওতায় গত ৯ বছরে ৩ লক্ষ ২৩ হাজারের বেশি উড়ানে ১ কোটি ৫৬ লক্ষের মতো যাত্রী □রিষেবা ে□য়েছেন। জাতীয় অসামরিক উড়ান চলাচল নীতির আওতায় ২০১৬ র ২১শে অক্টোবর এই উড়ান প্রকল্প চালু হয়। এর নবম বর্ষ □ূর্তি উ□লক্ষে নতুন দিল্লীতে গতকাল এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অসামরিক উড়ান □রিবহণ সচিব সমীর কুমার সিনহা বলেন, এই উড়ান কর্মসূচী শুধুমাত্র কোন প্রকল্প নয়,ভারতের উন্নয়নের যাত্রা□থে আকাশে সফর আরও সহজ ও সাশ্রয়ী করে তোলার লক্ষ্যে সরকারের অঙ্গিকারবদ্ধতার প্রতিফলন ঘটেছে।

***********************************************************************

নতুন দিল্লীতে আজ কেন্দ্রের সঙ্গে লাদাখের প্রতিনিধিদের আলোচনা □নরায় শুরু হয়েছে। ২৪ শে সেপ্টেম্বর, লেহ-তে হিংসার □র এই প্রথম দু□ক্ষের মধ্যে বৈঠক হচ্ছে। ওই হিংসার প্রেক্ষিতে এর আগে, কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী নিত্যানন্দ রাইয়ের নেতৃত্বে গঠিত উচ্চ ক্ষমতাসম্পন্ন কমিটির সঙ্গে প্রস্তাবিত বৈঠক বাতিল হয়ে গিয়েছিল। স্বরাষ্ট্রমন্ত্রকের আমন্ত্রণে লেহ-র সর্বোচ্চ □র্ষদের প্রধান, সাংসদ থু□স্তান ছেওয়াং এর নেতৃত্বে ১০ সদস্যের প্রতিনিধিদল আজ মন্ত্রকের বরিষ্ঠ আধিকারিকদের সঙ্গে সাক্ষাৎ করবেন।

উল্লেখ্য, ষষ্ঠ ত□শিলে লাদাখের অন্তর্ভুক্ত সহ রাজ্যের তকমা এবং অন্যান্য দাবী ওই প্রতিনিধিদল মন্ত্রকের সামনে □েশ করতে □ারেন বলে মনে করা হচ্ছে।

*******************************************************************

কেরালা সফররত রাষ্ট্র□তি দ্রৌ□দী মুর্মু আজ শবরী মালা মন্দির পর্রা দর্শন করবেন। চার দিনের কেরালা সফরে গত সন্ধ্যায় তিনি তিরুবনন্ত□ুরমে □ৌঁছিন। তিরুবনন্ত□ুরম আন্তর্জাতিক বিমানবন্দরে,রাষ্ট্র□তিকে সাদর অভ্যর্থনা জানান কেরালার রাজ্য□াল রাজেন্দ্র বিশ্বনাথ আর্লেরকার , মুখ্যমন্ত্রী □িনারাই বিজয়ন প্রমুখ।

আগামীকাল, শ্রীমতি মুর্মু র কেরালা রাজভবনে, প্রাক্তন রাষ্ট্র□তি কে আর নারায়ণনের একটি মূর্তির উন্মোচন করার কথা। আজ সকালে তিনি শবরীমালা মন্দিরের উদ্দেশে যাত্রা করেছেন।

*******************************************************************

বিহারের আসন্ন বিধানসভা নির্বাচনে বিভিন্ন রাজনৈতিক দল, তাদের প্রাক্তন সাংসদদের প্রার্থী হিসেবে মনোনীত করেছে। এর মধ্যে জনতা দল ইউনাইটেড-JDU-এর প্রার্থী তালিকায় সর্বোচ্চ সংখ্যক প্রাক্তন সাংসদ রয়েছেন। অন্যদিকে, ভারতীয় জনতা □ার্টি, □াটনা জেলার দানা□ুর থেকে প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী তথা □াটলি□ুত্রের প্রাক্তন সাংসদ রামকৃ□াল যাদবকে প্রার্থী করেছে। সীতামারির প্রাক্তন সাংসদ সুনীল কুমার □িন্টু এবার সংশ্লিষ্ট বিধানসভায় বিজে□ির প্রার্থী হচ্ছেন। প্রাক্তন সাংসদ চন্দ্রেশ্বর প্রসাদ, এবার জেহানাবাদ বিধানসভা কেন্দ্র থেকে JDU-র প্রার্থী হবেন। AIMIM-এর প্রাক্তন সাংসদ মুনাজির হাসান, মুঙ্গের থেকে প্রতিদ্বন্দ্বিতা করবেন। রাষ্ট্রীয় জনতা দল- RJD-র প্রাক্তন সাংসদ ও কেন্দ্রীয় মন্ত্রী জয়প্রকাশ নারায়ন যাদব, জামুই জেলার ঝাঝা বিধানসভা কেন্দ্র থেকে নির্বাচনে লড়াই করবেন।

এদিকে, বিহার বিধানসভা নির্বাচনের দ্বিতীয় তথা শেষ □র্যায়ের মনোনয়ন □ত্রগুলি, গতকাল □রীক্ষা করে দেখা হয়। এই দফায় ১১’ই নভেম্বর রাজ্যের ২০ টি জেলার ১২২ টি আসনে ভোট গ্রহণ করা হবে। আগামীকাল ২৩শে অক্টোবর, নাম প্রত্যাহারের শেষ দিন।

উল্লেখ্য, বিহারে দুটি □র্যায়ে ৬ ও ১১’ই নভেম্বর ভোট নেওয়া হবে।

*********************************************************************

অরুণাচল প্রদেশের নামসাই জেলায় জঙ্গীদের বিরুদ্ধে যৌথ অভিযান চালিয়ে বড় সাফল্য □েয়েছে ভারতীয় সেনা ও অসম রাইফেলস।

গতরাত্রের এই অভিযানে নামসাই জেলার এমএস–৬ এলাকায় জঙ্গিদের সঙ্গে গুলির লড়াইতে ‘ইউনাইটেড লিবারেশন ফ্রন্ট অফ আসাম স্বাধীন’ - আলফা (আই)-এর এক শীর্ষ নেতা নিহত হয়েছেন। সংগঠনের সার্জেন্ট মেজর □দমর্যাদার ওই নেতার নাম ইওন অহম।

ঘটনাস্থল থেকে উদ্ধার হয়েছে একটি রাইফেল, একটি আর□জি রাউন্ড এবং তিনটি রুকস্যাক। সেনা সূত্রে জানা গিয়েছে, এখনও অভিযান চলছে। অতিরিক্ত বাহিনী নামানো হয়েছে এবং স্থানীয় □ুলিশ ও সিআর□এফ-এর সহযোগিতায় □ুরো এলাকায় যৌথ তল্লাশি অভিযান অব্যাহত রয়েছে।

*********************************************************************

বিশ্বের মধ্যে বনাঞ্চলের নিরিখে ভারত, নবম স্থানে উঠে এসেছে। ইন্দোনেশিয়ার বালিতে খাদ্য ও কৃষি সংগঠন-FAO কর্তৃক প্রকাশিত ‘বিশ্ব অরণ্য-সম্পদ ২০২৫’ শীর্ষক রি□োর্টে এই তথ্য জানা গেছে বলে কেন্দ্রীয় বন ও □রিবেশ মন্ত্রী ভূ□েন্দর যাদব জানিয়েছেন। তিনি জানান, গতবছর ভারত বিশ্বের বনাঞ্চল সংক্রান্ত ক্রমতালিকায় দশম স্থানে ছিল। মন্ত্রী বলেছেন, অরণ্য সুরক্ষা, বনসৃজন এবং গোষ্ঠীভিত্তিক □রিবেশ সুরক্ষার মাধ্যমে সরকারি নীতি রূ□ায়ণের ফলেই এই সাফল্য □াওয়া গেছে। শ্রী যাদব, □রিবেশ সুরক্ষা এবং সুস্থায়ী উন্নয়নের জন্য ভারতে বিভিন্ন ধরএর উদ্যোগের সুফল এই রি□োর্টে প্রতিফলিত হয়েছে। তিনি বিশেষ করে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর উদ্যোগে ‘এক □েড় মা কে নাম’- কর্মসূচীর উল্লেখ করে বলেন, এর ফলে সারা দেশের নাগরিকরা গাছ লাগানো এবং □রিবেশ সুরক্ষার কাজে উদ্বুদ্ধ হয়েছেন।

*********************************************************************

ইজরায়েল, গাজায় হামাসের হাতে আটক, তাদের দুই অজানা □ণবন্দীর মৃতদেহ গ্রহণ করেছে। দু’বছর ধরে এরা আটক ছিলেন বলে তেল আভিভে প্রধানমন্ত্রীর দপ্তর সূত্রে জানানো হয়েছে। গতকাল রেডক্রসের মাধ্যমে হামাসের □ক্ষ থেকে এই মৃতদেহ দুটি ইজরাইলের কাছে □াঠানো হয়। গাজা ভূখন্ডে ইজরাইল অধিকৃত এলাকা থেকে সেদেশের সেনাবাহিনী, মৃতদেহগুলি দেশে ফেরত নিয়ে যাওয়ার ব্যবস্থা করে। ‘ন্যাশনাল সেন্টার ফর ফরেন্সিক মেডিসিনে’, দেহ দুটি □রীক্ষার জন্য □াঠানো হয়েছে। ইজরায়েল জানিয়েছে, হামাসের হাতে □ণবন্দীদের জীবিত অথবা মৃত অবস্থায় উদ্ধার করার লক্ষ্যে তারা কাজ চালিয়ে যাবে। হামাসের কাছে

এখনো ২৮ জন ইজরায়েলী □ণবন্দীর দেহ রয়েছে বলে জানা গেছে। যুদ্ধবিরতির □র হামাস, ১৫ টি মৃতদেহ ইজরায়েলকে হস্তান্তরিত করেছে।

************************************************************************

গাজা শান্তিচুক্তি আরো সুদৃঢ় করা এবং হামাসের সঙ্গে বিরোধের স্থায়ী সমাধানের লক্ষ্যে ট্রাম্প প্রশাসনের কূটনৈতিক তৎ□রতার অঙ্গ হিসেবে মার্কিন উ□রাষ্ট্র□তি জে ডি ভ্যান্স  ইজরায়েল সফরে সেদেশে □ৌঁছেছেন। সপ্তাহান্তে তৈরী হওয়া নতুন করে উত্তেজনার প্রেক্ষিতে ১২ দিনের যুদ্ধ বিরতি ভেঙে  যাওয়ার আশঙ্কার মধ্যেই তাঁর এই সফর। মার্কিন রাষ্ট্র□তি ডোনাল্ড ট্রাম্পের ২০ দফা গাজা শান্তি □রিকল্পনা নিয়ে দীর্ঘ প্রতিক্ষীত আলোচনা শুরু করার জন্য ইজরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহুকে ভ্যান্স আবেদন জানাতে □ারেন বলে মনে করা হচ্ছে। গাজায় অন্তর্বর্তী প্রশাসন, আন্তর্জাতিক শান্তি বাহিনী মোতায়েন, ইজরায়েলী বাহিনী প্রত্যাহার এবং হামাসের নিরস্ত্রীকরণ সহ একাধিক বিষয়ে ওই প্রস্তাবে অন্তর্ভুক্ত রয়েছে।
এদিকে, ইজরায়েল জানিয়েছে, হামাসের হাতে আটকে থেকে ইজরায়েলী □ণবন্দীদের দেহ প্রত্যা□র্ন না হওয়া □র্যন্ত তারা কোনো আলোচনায় অংশ নেবে না।

************************************************************************

চিনের উ□র ১৫৫ শতাংশ হারে শুল্ক চা□ানোর ঘোষণা করলেন আমেরিকার প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। বেইজিং এর সঙ্গে বন্ধুত্ব□ূর্ণ সম্পর্ক বজায় রাখার ইচ্ছা প্রকাশ করা সত্ত্বেও ১ নভেম্বর থেকে এই নতুন শুল্ক হার চালু হবে বলে জানালেন তিনি। রাশিয়ার বৃহত্তম তেল আমদানিকারক হিসেবে চীনের ভূমিকা সম্পর্কে প্রশ্নের জবাবে ট্রাম্প বলেন, বছরের □র বছর ধরে একতরফা বাণিজ্য অনুশীলনের চালিয়ে যাচ্ছিল চিন, যা মার্কিন যুক্তরাষ্ট্রের জন্য ক্ষতিকর। তাই এই শুল্ক আরো□ করা প্রয়োজনীয় হয়ে □ড়েছিল।

************************************************************************

রাশিয়া, ইউক্রেনের বিদ্যুৎ কেন্দ্রগুলির ও□র আক্রমণ চালিয়েছে। ইউক্রেন সরকার জানিয়েছে, এই আক্রমণে দুজন নিহত হয়েছে। গতরাতে ড্রোন এবং ক্ষে□ণাস্ত্র ছুঁড়ে ইউক্রেনের বিভিন্ন □রিকাঠামো ও জনবসতি□ূর্ণ এলাকায় আক্রমণ চালানো হয়েছে বলে জানা গেছে। ইউক্রেন ও গতকাল রাশিয়ার একটি রাসায়নিক কারখানা লক্ষ্য করে ক্ষে□ণাস্ত্র ছোঁড়ে।
এদিকে, রাশিয়া, ইউক্রেনের সঙ্গে যুদ্ধ বিরতি প্রস্তাব খারিজ করে দিলে মার্কিন রাষ্ট্র□তি ডোনাল্ড ট্রাম্প এবং রুশ রাষ্ট্র□তি ভ্লাদিমির □ুতিনের মধ্যে বৈঠক বাতিল করা হয়েছে।

************************************************************************

উত্তর কোরিয়া আজ বেশ কয়েকটি স্বল্প দূরত্বের ক্ষে□ণাস্ত্র ছুঁড়েছে। দক্ষিণ কোরিয়ায় এশীয়-প্রশান্ত মহাসাগরীয় অর্থনৈতিক সহযোগিতা-অ্যা□ক (APEC)–এর শীর্ষ বৈঠকে মার্কিন রাষ্ট্র□তি ডোনাল্ড ট্রাম্পের প্রস্তাবিত সফরের আগে উত্তর কোরিয়ার এই □দক্ষে□, উত্তেজনা ছড়াতে □ারে বলে মনে করা হচ্ছে। দক্ষিণ

কোরিয়ার সেনাবাহিনীর জয়েন্ট চিফ অফ স্টাফ বলেছেন, উত্তর কোরিয়া জাঙ্গোয়া থেকে ছোঁড়া এই ক্ষে□ণাস্ত্রগুলি, ৩৫০ কিলোমিটার দূরে গিয়ে □ড়ে।

*********************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী রবিবার ২৬ শে অক্টোবর, আকাশবাণীতে ‘‘মন-কি-বাত’’ অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১২৭-তম □র্ব। বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যা□, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও ‘‘মন-কি-বাত’’ সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার □রেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যা□ মতামত জানানো যাবে।

*********************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, টেলিফোনে ব্যক্তিগতভাবে দী□াবলির শুভেচ্ছা বার্তার জন্য মার্কিন রাষ্ট্র□তি ডোনাল্ড ট্রাম্পকে ধন্যবাদ জানিয়েছেন। সোশ্যাল মিডিয়ার এক □োষ্টে শ্রী মোদী ভারত–মার্কিন অংশীদারিত্ব আরও শক্তিশালী করার ও□র জোর দেন। আলোর এই উৎসবে সারা বিশ্বকে আলোকিত করতে বিরাট গণতন্ত্রের এই দুই দেশ কাজ চালিয়ে যাবে এবং সব ধরনের সন্ত্রাসবাদের বিরুদ্ধে তারা লড়াই করবে বলে উল্লেখ করেন তিনি।

*********************************************************************